সিলেট সিটি কর্পোরেশনের সীমানা বাড়ছে, গণবিজ্ঞপ্তি প্রকাশ

চেম্বার ডেস্ক:: আয়তনে দ্বিগুন হচ্ছে সিলেট সিটি কর্পোরেশন এলাকা। রোববার (৯ আগস্ট) সিলেট সদর ও দক্ষিণ সুরমার উপজেলার কয়েকটি এলাকা সিসিকের আওয়াভুক্ত করে গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। গণবিজ্ঞপ্তিতে স্বাক্ষর করেন সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম।

গণবিজ্ঞপ্তিতে প্রকাশিত এলাকাগুলো সিসিকে যুক্ত হলে সিলেট সিটি কর্পোরেশনের আয়তন বেড়ে দাঁড়াবে প্রায় ৫৮ বর্গকিলোমিটার। এর আগে ২০০২ সালে সিলেট পৌরসভা থেকে সিলেট সিটি কর্পোরেশনে উন্নীত হয়। প্রাথমিকভাবে ২৬.৫ বর্গকিলোমিটার জায়গা নিয়ে যাত্রা শুরু করে সিলেট সিটি কর্পোরেশন।

গণবিজ্ঞপ্তিতে বলা হয়, সিলেট সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণের নিমিত্তে সিলেট সদর ও দক্ষিণ সুরমা উপজেলার নিন্মোক্ত এলাকা/ভূমি প্রাথমিকভাবে সিলেট সিটি কর্পোরেশনে অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। অন্তর্ভুক্তি এলাকার অধিবাসীগণকে সিলেট সিটি কর্পোরেশনের আওতাভুক্তের প্রাথমিক সিদ্ধান্তের বিষয়ে কোন ধরণের পরামর্শ বা আপত্তি থাকলে আগামী ৮ সেপ্টেম্বরের মধ্যে জেলা প্রশাসক, সিলেট বরাবর লিখিত আবেদনের মাধ্যমে জানানোর অনুরোধ করা হলো।

গণবিজ্ঞপ্তিতে উল্লেখিত এলাকাগুলো হলো-স্থানীয় সরকার বিভাগ, সিলেটের উপ পরিচালক মীর মোহাম্মদ মাহবুবুর রহমান বলেন, আমরা একটি গণবিজ্ঞপ্তি জারি করেছি। গণবিজ্ঞপ্তিতে ৮ সেপ্টেম্বর তারিখের মধ্যে আপত্তি জানানোর কথা বলা হয়েছে। যদি কেউ আপত্তি করেন তাহলে এটি সমাধান করা হবে। পরে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

তবে নতুন করে কতটি ওয়ার্ড সংযুক্ত হচ্ছে এটি এখনই বলা যাচ্ছে না বলেও জানান তিনি।